কালের কণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

ফল প্রকাশের দাবি

# আন্দোলনে সাত কলেজের শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক ▷

এবার অনার্স চতুর্থ বর্ষের ফল প্রকাশের দাবিতে আন্দোলনে নেমেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা। গতকাল রবিবার কেন্দ্রীয় শহীদ মিনারে এই দাবিতে অনশন কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। দ্রুত ফল প্রকাশ করা না হলে আরো কঠোর কর্মসূচি দেওয়ার হুমকি দিয়েছে তারা।

২০১১-১২ সেশনের অনার্স চতুর্থ বা শেষ বর্ষের রচনামূলক পরীক্ষা গত ফেব্রুয়ারি মাসে শেষ হয়। কিন্তু মৌখিক পরীক্ষা শেষ হওয়ার আগেই রাজধানীর সাত কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাবির অধিভুক্ত হয়। ফলে মৌখিক পরীক্ষা নিয়ে ফল প্রকাশের দায়িত্ব পায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। কিন্তু পরীক্ষা শেষ হওয়ার পর আট মাস পার হলেও এখনো ফল প্রকাশ করা হয়নি।

অনশনরত শিক্ষার্থীরা বলেছে, পরীক্ষার আট মাস পার হলেও এখনো অনার্স পরীক্ষার ফল প্রকাশ করা হয়নি। বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে কথা বলেও এ বিষয়ে সুস্পষ্ট বক্তব্য মেলেনি। আমরা ঢাবির নতুন ভিসির কাছে গিয়েছিলাম। তিনি আমাদের আশ্বস্ত করতে পারেননি। আট মাস বিলম্ব হওয়ার কারণে ৩৮তম বিসিএস পরীক্ষায় অংশ নেওয়া থেকে বঞ্চিত হয়েছি। তাই বাধ্য হয়ে রাজপথে নেমেছি।'

সাইদুল ইসলাম নামের এক শিক্ষার্থী অভিযোগ করেন, 'আমাদের সঙ্গে অন্য কলেজগুলোর যেসব শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে, তারা আরো তিন মাস আগে রেজাল্ট পেয়েছে। কিন্তু আমরা এখনো পায়নি। যার কারণে বিসিএসসহ অন্যান্য নিয়োগ পরীক্ষায় অংশ নিতে পারছি না।'

সাত কলেজের শিক্ষার্থীরা পরীক্ষার সূচি ঘোষণার দাবিতে গত জুলাই মাসে আন্দোলনে নামে। ২০ জুলাই বিক্ষোভ চলাকালে পুলিশের টিয়ার গ্যাসের শেলের আঘাতে দুই চোখ হারান তিতুমীর কলেজের শিক্ষার্থী সিদ্দিকুর রহমান। সরকার তাঁকে উন্নত চিকিৎসার জন্য ভারতে নিলেও তাঁর চোখের আলো ফেরেনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর